

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।
www.bdpost.gov.bd




তারিখ : ০২.০৪.২০২০ খ্রি:

মহাপরিচালক এর বিশেষ পরিপত্র নং-৮২

দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে সরকার কর্তৃক ঘোষিত ছুটিকালীন সময়ে জনস্বার্থে ডাকসেবা অব্যাহত রাখার নিমিত্তে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রদান করা হলো, যা ০৫ এপ্রিল ২০২০ খ্রি: তারিখ হতে কার্যকর হবেঃ


- ১। দেশের সকল জিপিও, প্রধান ডাকঘর সমূহ জরুরি প্রয়োজনে সীমিত পরিসরে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত খোলা থাকবে। এসময় এ সকল ডাকঘর থেকে বিশেষ ব্যবস্থায় ডাকঘর সঞ্চয় ব্যাংকের লেনদেন এর পাশাপাশি সীমিত আকারে ই-কমার্স, মোবাইল মানি অর্ডার এবং পার্সেল সেবা প্রদানের জন্য কাউন্টার খোলা থাকবে।
- ২। উপজেলা ডাকঘরসমূহ সীমিত পরিসরে উপযুক্ত সেবাসমূহ প্রদানের জন্য খোলা থাকবে। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট পোস্টমাস্টার জেনারেল/ডেপুটি পোস্টমাস্টার জেনারেলগণ স্থানীয় প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রেখে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩। জেলা পর্যায়ে জরুরি ডাক পরিবহন সেবা প্রদানের জন্য বিশেষ ব্যবস্থায় সীমিত আকারে ডাক বিভাগের নিজস্ব মেইল গাড়ি শুধুমাত্র দিবাভাগে চলাচল করবে; উপজেলা পর্যায়ে মেইল চলাচলের ক্ষেত্রে স্থানীয় পোস্টমাস্টার জেনারেলগণ/ডেপুটি পোস্টমাস্টার জেনারেলগণ স্থানীয় প্রশাসনের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। মেট্রোপলিটন শহরসমূহে সাব পোস্ট অফিস সমূহ সীমিত আকারে খোলা রাখা যাবে; এক্ষেত্রে সংশ্লিষ্ট পোস্টমাস্টার জেনারেলগণ অফিসসমূহ নির্দিষ্ট করবেন।
- ৫। ক্যাশ সঞ্চালন ও ট্রেজারি লেনদেন এর জন্য ডাক বিভাগের নিজস্ব পরিবহন ব্যবস্থা উপযুক্ত নিরাপত্তা নিশ্চিতকরণ সাপেক্ষে সীমিত পরিসরে চলাচল করবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ট্রেজারি লেনদেন ও নিরাপত্তার বিষয়ে স্থানীয় প্রশাসনের প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণ করবেন।
- ৬। ই-কমার্স ও পার্সেল গ্রহণ ও প্রেরণের ক্ষেত্রে জীবন রক্ষাকারী ঔষধ ও করোনা ভাইরাস মোকাবেলা সংক্রান্ত সামগ্রী অগ্রাধিকার প্রাপ্ত হবে। সকল ই-কমার্স ও পার্সেল গ্রহণের সময় ডাকদ্রব্যের গায়ে প্রেরক ও প্রাপকের মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। ই-কমার্স ও পার্সেল শুধুমাত্র বিতরণকারী ডাকঘর থেকে (Window Delivery) গ্রাহক গ্রহণ করতে পারবেন। ঘরে ঘরে কোন ডাকদ্রব্য বিতরণ করা হবে না। ই-কমার্স ও পার্সেল এর প্রাপককে সংশ্লিষ্ট ডাকঘর থেকে ডাকদ্রব্য সম্পর্কে মোবাইল ফোন এর মাধ্যমে অবহিত করা হবে।
- ৭। পারম্পরিক ডাক বিনিময় (Radial System) পদ্ধতিতে জিপিও ও প্রধান ডাকঘর কেন্দ্রিক ডাক বাছাই, ডাক ব্যাগ বন্ধন ও ডাক প্রেরণ করতে হবে।
- ৮। সকল স্তরের কর্মচারীদের পাওনা বেতন ভাতাদি সংশ্লিষ্ট ডাকঘর থেকে পরিশোধ নিশ্চিত করতে হবে। সকল অবসরভোগীদের অবসর ভাতা পরিশোধ নিশ্চিত করতে হবে; ক্ষেত্রমত অবসরভোগীগণ উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট ডাকঘর থেকে অবসর ভাতা উত্তোলন করতে পারবেন।
- ৯। ডাক অধিদপ্তরসহ সকল প্রশাসনিক দপ্তর সীমিত পরিসরে কার্য পরিচালনা করবে।
- ১০। মেট্রোপলিটন শহর এলাকায় ডাকঘরসমূহে কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরিবহন সুবিধা স্থানীয় পোস্টমাস্টার জেনারেল/ডেপুটি পোস্টমাস্টার জেনারেলগণ নিশ্চিত করবেন।
- ১১। উপজেলা পর্যায়ের ডাকসেবা, সঞ্চয় ব্যাংক লেনদেন ও মেইল পরিবহনের বিষয়ে সংশ্লিষ্ট ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এবং পরিদর্শকগণ নিবিড় তদারকি নিশ্চিত করবেন।
- ১২। ছুটিকালীন সময়ে ডাকঘরে কর্মরত সকলকে করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মাস্ক, হ্যান্ড গ্লাভস ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট অফিস প্রধান নিবিড় তদারকি নিশ্চিত করবেন।


(সুখেন্দু শেখর ভদ্র)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৯৫৬৩৪৬০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনী কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সকল অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ২। পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা/কেন্দ্রীয় সার্কেল, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।
- ৩। জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, ঢাকা/রংপুর।
- ৪। অধ্যক্ষ, পোস্টাল একাডেমী, রাজশাহী।
- ৫। সকল পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়।
- ৮। বিভাগীয় কমিশনার এর একান্ত সচিব, ঢাকা/চট্টগ্রাম/রাশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
- ৯। পুলিশ কমিশনার এর একান্ত সচিব, ঢাকা/চট্টগ্রাম/রাশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর।
- ১০। সকল ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, বাংলাদেশ ডাক বিভাগ
- ১১। সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী জিপিও।
- ১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (ডাক), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ১৩। শাখা কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ১৪। সকল পোস্টমাস্টার (এ-গ্রেড/(বি-গ্রেড)।
- ১৫। সকল হিসাবরক্ষণ কর্মকর্তা।
- ১৬। অফিস কপি।


০২.০৪.২০২০
(এস এম হারুনুর রশীদ)
পরিচালক (ডাক)
ফোন : ৯৫৫৪৬৮২